গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, কালকিনি, মাদারীপুর
doict.kalkini.madaripur.gov.bd

**স্মারক নম্বর:** ৫৬.০৪.৫৪৪০.০০০.০৬.০০১.২৩-১০

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪৩২
৩০ জুন, ২০২৫

## উপজেলা আইসিটি কমিটির জুন ২০২৫ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব সাইফ-উল-আরেফীন, উপজেলা নির্বাহী অফিসার, কালকিনি, মাদারীপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ : ২৫-০৬-২০২৫ সভার সময়: ১২.০০ ঘটিকা

উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার সদস্য সচিব জনাব আরিফুল ইসলাম বিগত সভার কার্যবিবরনী পাঠ করেন। কোন সংশোধনী না থাকায় তা দৃঢ় করন করা হয়। অতঃপর সভায় বিভিন্ন বিষয়ে আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

১. সভার আলোচনা এবং সিদ্ধান্ত :

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | ইডিসি প্রকল্পের উচ্চ গতির ইন্টারনেট কানেক্টিভিটি | ইডিসি প্রকল্পের মাধ্যমে কালকিনি উপজেলায় ৩২০ টি উচ্চ গতির ব্রডব্যান্ড কানেকশন প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এই মাসে ৩৪ টি সহ এখন পর্যন্ত মোট ৮১ টি প্রতিষ্ঠানের ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান সম্পন্ন হয়েছে। বাকিগুলোতে কার্যক্রম চলমান রয়েছে। | সঠিকভাবে বাস্তবায়ন এবং মনিটরিং করতে হবে। | ১। উপজেলা আইসিটি অফিসার, কালকিনি, মাদারীপুর। |
| ০২ | উপজেলা আইসিটি অফিস, সেবা ও তথ্যপ্রযুক্তি সেন্টার এর নির্মানকাজ | ইডিসি প্রকল্পের মাধ্যমে উপজেলার পরিষদ কমপ্লেক্সের উর্ধমূখী সম্প্রসারনের মাধ্যমে ৫ তলায় উপজেলা আইসিটি অফিস, আইসিটি সেবা ও প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হবে। ছাদ ঢাইয়ের কাজ সম্পন্ন হয়েছে এবং পলেস্তারিং এর কাজ চলমান রয়েছে | নির্মান কাজ সঠিক ভাবে তদারকি করতে হবে ও পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা এলজিইডি অফিস, কালকিনি, মাদারীপুর।<br><br>২। উপজেলা আইসিটি অফিসার, কালকিনি, মাদারীপুর। |
| ০৩ | স্কুল অব ফিউচারে রোবটিক্স ল্যাব স্থাপন | কালকিনি সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ে রোবটিক্স ল্যাব স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে ল্যাবের ফার্নিচার সমূহ স্থাপন করা হয়েছে। তবে ইন্সট্রুমেন্ট সমূহ এখনো সরবরাহ করা হয়নি। এই মাসে ল্যাবের যন্ত্রপাতি আসতে পারে | রোবটিক্স ল্যাবে ইন্সট্রুমেন্ট সমূহ দ্রুত সরবরাহ করার সময় সঠিকভাবে যাচাই বাচাই করে বুঝে নিতে হবে।<br><br>উক্ত ল্যাবের সার্বিক নিরাপত্তা বৃদ্ধি করতে হবে। | ১। উপজেলা আইসিটি অফিসার, কালকিনি, মাদারীপুর।<br>২। প্রধান শিক্ষক, কালকিনি সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়। |
| ০৪ | আইসিটি ডিজিটাল ল্যাবসমূহ পরিদর্শন | আইসিটি ডিজিটাল ল্যাবসমূহ সরজমিনে পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। নিয়মিতভাবে মাসিক পরিদর্শন সূচীতে অন্তর্ভুক্ত করে সহকারী প্রোগ্রামার কর্তৃক পরিদর্শন করা হয়। | উপজেলা সহকারী প্রোগ্রামার এবং মাধ্যমিক শিক্ষা অফিসারকে তাদের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কম্পিউটার ল্যাবসমূহ পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা আইসিটি অফিসার, কালকিনি, মাদারীপুর।<br><br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালকিনি, মাদারীপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | আইসিটি ডিজিটাল ল্যাবসমূহ নিয়মিত ব্যবহার, পরিষ্কার পরিছন্ন রাখা এবং নিরাপত্তা নিশ্চিতকরন। | আইসিটি ডিজিটাল ল্যাবসমূহ নিয়মিত ব্যবহার, পরিষ্কার পরিছন্ন রাখা এবং নিরাপত্তা নি**শ্চিতকরন** বিষয়ে সভায় আলোচনা হয়। | **ল্যাবগুলো নিয়মিত** ব্যাবহার করে **ক্লাস** পরিচালনা করতে হবে এবং চুরি রোধে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহন করতে হবে। | ১। প্রতিষ্ঠান প্রধানগণ ( আইসিটি ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান সমূহ) কালকিনি, মাদারীপুর । |
| ০৭ | চুরি যাওয়া ল্যাবের ল্যাপটপ উদ্ধার/প্রতিস্থাপন | **কালকিনি উপজেলার** ৫ টি প্রতিষ্ঠান থেকে **ল্যাপটপ চুরির ঘটনা** ঘটেছে। কালিগঞ্জ উচ্চ থেকে বিদ্যালয় ১৪ টি, চরফতেহ বাহাদুর বহুমুখী উচ্চ বিদ্যালয় থেকে ১৬ টি, খাসেরহাত সৈয়দ আবুল হসেন কলেজ থেকে ২ টি এবং সমিতিরহাট আবা খালেদ মাধ্যমিক বিদ্যালয় থেকে ১২ টি ল্যাপটপ চুরি হয়েছে।<br><br>কয়েকদিন আগে খাসেরহাত সৈয়দ আবুল হসেন কলেজ থেকে পুনরায় ১ টি ল্যাপটপ চুরি হয়েছে এবং থানায় জিডি করা হয়েছে। | (ক) চুরি রোধে সকল প্রতিষ্ঠানে ল্যাবের নিরাপত্তা ১০০% নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহন করতে হবে এবং নৈশ প্রহরী রাখার ব্যাবস্থা করতে হবে।<br>(খ) চুরিকৃত ল্যাপটপ উদ্ধার সম্ভব না হলে প্রতিষ্ঠানের নিজ ব্যাবস্থাপনায় দ্রুত সময়ের মধ্যে সেগুলো ক্রয় পূর্বক ল্যাবে প্রতিস্থাপন করতে হবে।<br><br>চুরি যাওয়া সকল প্রতিষ্ঠানসমূহের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। চুরি যাওয়া আইসিটি ডিজিটাল ল্যাব প্রতিষ্ঠান প্রধানগণ, কালকিনি, মাদারীপুর।<br><br>২। উপজেলা আইসিটি অফিসার, কালকিনি, মাদারীপুর।<br><br>৩। অফিসার ইনচার্জ, কালকিনি থানা। |
| ০৮ | ওয়েব পোর্টাল হালনাগাদ ও ডি নথি | ইতোপূর্বে উপজেলায় ওয়েব পোর্টাল হালনাগাদ ও এ সংক্রান্ত প্রশিক্ষন কর্মশালা আয়োজন করা হয়েছিলো। কর্মশালায় হাতে কলমে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ সম্পন্ন করা হয় এবং প্রশিক্ষণ প্রদান করা হয়। বর্তমানে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ আছে এবং বেশিরভাগ দপ্তরের সম্পূর্ণতার হার ৮০% এর উপরে রয়েছে।<br><br>উপজেলার বেশিরভাগ দপ্তরই ডি নথির ব্যবহার হচ্ছে না। এ বিষয়ে সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রয়োজন । | সকল দপ্তরকে তাদের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদ রাখতে হবে।<br><br>সকল দপ্তরকে ডি নথির ব্যাবহার করতে হবে।<br><br>কারিগরি সহায়তা প্রয়োজন হলে উপজেলা আইসিটি অফিস, কালকিনি সহায়তা প্রদান করবে। | ১। উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান, কালকিনি।<br><br>২। উপজেলা আইসিটি অফিসার, কালকিনি, মাদারীপুর। |
| ০৯ | সাইবার সিকিউরিটি বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা | বর্তমান অনলাইনে সাইবার ঝুকি বিবেচনায় উপজেলা আইসিটি অফিসের আয়োজনে "Cyber security Best Practices for Office" বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন করা হয় উপজেলার সম্মেলন কক্ষে। এতে প্রায় ৩০ জন কর্মকর্তা/কর্মচারীকে সাইবার সিকিউরিটির বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। | এ ধরনের প্রশিক্ষণ আরো আয়োজন করতে হবে। ডি নথি, ওয়েব পোর্টাল, 4IR ইত্যাদি বিষয়েও উপজেলার সকল কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা জরুরী। | ১। উপজেলা আইসিটি অফিসার, কালকিনি, মাদারীপুর। |

পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সাইফ-উল-আরেফীন)
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
কালকিনি,মাদারীপুর।

**স্মারক নম্বর:** ৫৬.০৪.৫৪৪০.০০০.০৬.০০১.২৩-১০(০৬)

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪৩২
৩০ জুন, ২০২৫

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
০২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
০৩। অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি), মাদারীপুর।
০৪। জেলা আইসিটি অফিসার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মাদারীপুর।
০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালকিনি, মাদারীপুর।
০৬। অফিস নথি।

30/06/2025

(আরিফুল ইসলাম)
উপজেলা আইসিটি অফিসার
ও সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
কালকিনি, মাদারীপুর।